Communication Strategy বাস্তবায়ন ও পরিবীক্ষণ বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা - ২০১৭

আয়োজনে ঃ প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

সহযোগিতায় ঃ ইউনিসেফ

অধিবেশনের বিবরন

কর্ম দিবস ঃ ০১

সময় ঃ সকাল ৯.০০ – বিকেল ৩.৩০ টা

সূচি	অধিবেশন	বিষয়	
৯.০০ – ৯.৩০		**অংশগ্রহণকারীদের ে স্ট্র**	
৯.৩০ – ১০.১৫	১	**উদ্বোধনী অনুষ্ঠান** - পরিচিতি পর্ব - স্বাগত বক্তব্য	
১০.১৫ – ১০.৩০		**সংক্ষিপ্ত বিরতি**	
১০.৩০ – ১১.৩০	২	**বিষয়ভিত্তিক উপস্থাপনা** - উন্নয়নের জন্য যোগাযোগ (Communication for Development) - পিইডিপি-৩ এর জন্য প্রণীত যোগাযোগ কৌশলের মূল বিষয়বস্তু	c
১১.৩০ – ১.০০	৩	**গ্রপওয়ার্ক/ দল ভিত্তিক আলোচনা** - ক দল ঃ বিদ্যালয় পর্যায়ে বাস্তবায়ন কর্মসূচি (স্লিপ/SLIP) - খ দল ঃ উপজেলা পর্যায়ের শিক্ষা পরিকল্পনা বাস্তবায়ন - গ দল ঃ জেলা পর্যায়ের শিক্ষা পরিকল্পনা বাস্তবায়ন	
১.০০ – ১.৩০		**মধ্যাহ্ন বিরতি**	
১.৩০ – ৩.০০	৪	**প্লেনারি আলোচনা** - দলীয় আলোচনার বিষয়বস্তু প্লেনারিতে উপস্থাপন - ফিডব্যাক সেশন	
৩.০০ – ৩.৩০	৫	**সমাপনী অনুষ্ঠান** - সমাপনী বক্তব্য - জেলা পর্যায়ে কর্মশালা বাস্তবায়ন সংক্রান্ত তথ্য প্রদান	

দিন ০১	অধিবেশন ০১

অধিবেশনের শিরোনাম ঃ **উদ্বোধনী অনুষ্ঠান**

- পরিচিতি পর্ব

- স্বাগত বক্তব্য

মূল বিষয়/বিষয়বস্তু ঃ চলমান তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি-৩) বাস্তবায়নের অভিজ্ঞতার মধ্য দিয়ে এটি সুস্পষ্ট যে শিক্ষা কর্মসূচিতে অভিভাবক, শিক্ষক, জনগোষ্ঠী, সুশীল সমাজ, এনজিও এবং সরকারি কর্মসূচির সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদের ব্যক্তিগত ভূমিকা, আগ্রহ ও দায়িত্বশীলতা থাকতে হবে। এ লক্ষ্যে মা জেলা পর্যায়ে যোগাযোগ কৌশল বাস্তবায়নের মধ্য দিয়ে পিইডিপি-৩ এর উদ্যোগ ও সুযোগ সুবিধা সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য শিক্ষার্থী, শিক্ষক, পরিবার, সমাজ এবং সাধারণ মানুষের কাছে পৌছানো পাশাপাশি সকল পর্যায়ের অংশীজনকে তাদেও নিজ নিজ ভূমিকা ও দায়িত্ব সম্পর্কে সচেতন করে তোলার মধ্য দিয়ে ইতিবাচক দৃষ্টিভঙ্গি সৃষ্টি করা এবং তা প্রয়োগে উদ্বুদ্ধ করতে হবে।

শিখনফল ঃ এ অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ

সময় ঃ ৪৫ মিনিট

পদ্ধতি/কৌশল ঃ বক্তব্য, পরিচিতি পর্ব, মুক্ত আলোচনা

উপকরণ ঃ তথ্য পত্রের folder, কলম

সহায়কের কাজ ঃ

- অংশগ্রহণকারীদের প্রত্যেককে একটি করে তথ্য পত্রের folder দিন;
- কর্মশালা আরম্ভ, বিরতি, শেষ হবার সময়সীমা জানান;
- সময়সূচী পরিবর্তন হলে সঙ্গে সঙ্গে তা সকলকে জানান;
- কর্মশালার নিয়ামাবলি সম্পর্কে অংশগ্রহণকারীদের অবগত করুন;
- অধিবেশন পরিকল্পনা পদ্ধতিগত বা উপকরন সংক্রান্ত কোন পরিবর্তন প্রয়োজন হরে সে অনুযায়ী পরবর্তী পরিকল্পনা গ্রহণ করুন;
- আয়োজকদের মধ্যে থেকে একজনকে অনুষ্ঠান উপস্থাপন করার জন্য তৈরি করুন;
- প্রতিটি সেশনের শুরুতে সেশনের উদ্দেশ্য ও প্রক্রিয়া সম্পর্কে সংক্ষিপ্ত বর্ণনা দিন;

অংশগ্রহণকারীর ক নীয় ঃ

- মোবাইল ফোনের শব্দ নিয়ন্ত্রণে রাখুন;
- প্রাসংগিকতা বজায় রাখুন;
- প্রশ্ন করতে হলে হাত তুলুন;
- আলোচনায় সক্রিয় অংশগ্রহণ করুন এবং অন্যের মতামতকে গুরুত্ব দিন;
- পার্শ্ব আলাপ পরিহার করুন;
- সহযোগিতার মনোভাব পোষণ করুন;

দিন ০১	অধিবেশন ০২	

অধিবেশনের শিরোনাম ঃ **বিষয়ভিত্তিক উপস্থাপনা**

- উন্নয়নের জন্য যোগাযোগ/ Communication for Development (C4D)

- পিইডিপি-৩ এর জন্য প্রণীত যোগাযোগ কৌশলের মূল বিষয়বস্তু

মূল বিষয়/বিষয়বস্তু ঃ ভূমিকা: সফল যোগাযোগ আধুনিক সভ্যতার অন্যতম অবাদান। উন্নততর যোগাযোগ ব্যবস্থা বর্তমান সমাজের ধারক ও বাহক। আধুনিক সভ্যতা ও যথাযথ যোগাযোগ পরস্পরের সাথে অঙ্গাঙ্গিভাবে যুক্ত।

যোগাযোগের শুধু মুখোমুখি কতা বলা বা ইশারা-ইঙ্গিতেই সীমাবদ্ধ নয় বরং নির্ধারিত কিছু মাধ্যম ও প্রক্রিয়ার মধ্য দিয়ে সুন্দর, স্বচ্ছ, সাবলীল ও শিল্পীতরুপে এটি সম্পাদিত হবে তার উপরই নির্ভর করে এর সাফল্য। সেজন্য যোগাযোগের জন্য প্রয়োজন মেধা, উপস্থিত বুদ্ধি, পরিমিতবোধ ও সৌন্দর্যবোধ।

C4D হলো একটি পরিকল্পিত, তথ্য প্রমাণভিত্তিক ও কৌশলগত যোগাযোগ প্রক্রিয়া যা সামাজিক ও ব্যক্তিগত আচরণ ও দৃষ্টিভঙ্গির ইতিবাচক পরিবর্তনের পক্ষে নানাবিধ প্রচার প্রচারণা চালায়; সবার অংশগ্রহন নিশ্চিত করে এবং আলোচনা ও সংলাপের মধ্য দিয়ে ঐক্যমত প্রতিষ্ঠা করে উন্নয়নমূলক কার্যক্রমকে টেকসই রূপ দেয়।

পিইডিপি-৩ কর্মসূচিতে C4D ওতপ্রোতভাবে জড়িত যা প্রকল্প বা কর্মসূচি বাস্তবায়নের পথে অন্তরায় এমন সমস্যাগুলো ও প্রতিবন্ধকতাসমূহ চিহ্নিত করে এবং বিভিন্ন পর্যায়ের অংশীজন ও উদ্যোগক্তাদের সমন্বয়ে সমাধানের উদ্যোগ নেয়।

শিখনফল ঃ এ অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ পিইডিপি-৩ এর জন্য প্রণীত যোগাযোগ কৌশলের সাথে পরিচিত করানো।

সময় ঃ ৪৫ মিনিট

পদ্ধতি/কৌশল ঃ পাওয়ার পয়েন্ট এবং মাল্টিমিডিয়া কন্টেন্ট প্রদর্শন, মুক্ত আলোচনা

উপকরণ ঃ ল্যাপটপ/ (কমপক্ষে ১টি), মাল্টিমিডিয়া প্রজেক্টর (১টি)

সহায়কের ক ণীয় ঃ

- অংশগ্রহণকারীদের সাথে কুশল বিনিময় করে আন্তঃব্যক্তিক সম্পর্ক তৈরি/প্রতিষ্ঠা করুন;

- অংশগ্রহণকারীদের মধ্য হতে যোগাযোগ কৌশল বাস্তবায়নের কোন অভিজ্ঞতা আছে কিনা তা জেনে তার অভিজ্ঞতা ব্যক্ত করতে বলুন;

- উপস্থাপনা চলাকালীন সময় অংশগ্রহণকারীদের কোনো প্রশ্ন থাকলে অন্য অংশগ্রহণকারী ও আপনি সম্মিলিতভাবে আলোচনা করে প্রশ্নের উত্তর দিন এবং একমতে পৌছান;

- মুক্ত আলোচনার মাধ্যমে C4D সম্পর্কে অংশগ্রহণকারীদের ধারনা Clear করুন;

অংশগ্রহণকারীর ক ণীয় ঃ

- প্রাসংগিকতা বজায় রাখুন;

- প্রশ্ন করতে হলে হাত তুলুন;

- অন্যের মতামতকে গুরুত্ব দিন;

- মুক্ত আলোচনায় সক্রিয় অংশগ্রহণ করুন;

দিন ০১	অধিবেশন ০৩
অধিবেশনের শিরোনাম ঃ	**গ্রুপওয়ার্ক/ দল ভিত্তিক আলোচনা** - ক দল ঃ বিদ্যালয়ভিত্তিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন (স্লিপ/SLIP) কর্মসূচি - খ দল ঃ উপজেলা প্রাথমিক শিক্ষা পরিকল্পনা (UPEP) বাস্তবায়ন কর্মসূচি - গ দল ঃ জেলা পর্যায়ে প্রাথমিক শিক্ষা পরিকল্পনা বাস্তবায়ন ও সমন্বয় কর্মসূচি
মূল বিষয়/বিষয়বস্তু ঃ	প্রাথমিক শিক্ষার কর্মক্ষেত্রে উৎকর্ষ, দক্ষতা, উন্নয়ন ও সমন্বয় সাধনে যোগাযোগ কৌশলের ধারণা ও প্রয়োগ, সৃজনশীল যোগাযোগ উপকরণ ও বার্তা নির্বাচন, যোগাযোগ কার্যক্রম বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়নের উপায় সম্পর্কে যোগাযোগকারী হিসেবে একজন শিক্ষক ও কর্মকর্তার সম্যক ধারণা থাকা আবশ্যক। এ বিষয়টির দিকে লক্ষ্য রেখেই এ অধিবেশনে উপরোক্ত বিষয়গুলোর উপর আলোকপাত করা হয়েছে
শিখনফল ঃ	এ অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ বিদ্যালয়/উপজেলা/জেলা পর্যায়ের শিক্ষা পরিকল্পনার সঙ্গে সংশ্লিষ্ট যোগাযোগ কার্যক্রমের বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়নের বিশেষ বিষয়সমূহ চিহ্নিত করতে পারবেন
সময় ঃ	৯০ মিনিট
পদ্ধতি/কৌশল ঃ	দলীয় আলোচনা, দলীয় কাজ ে স্ট
উপকরণ ঃ	পোস্টার পেপার, সাইন পেন
সহায়কের ক নীয় ঃ	- অংশগ্রহণকারীদের ৩টি দলে ভাগ হতে বলবেন; - প্রত্যেক দলকে প্রয়োজনীয় উপকরণ সরবরাহ করুন; - প্রতিটি দলে লিপিবদ্ধকরণ ছক-১ এর একটি করে কপি বিতরণ করবেন অথবা মাল্টিমিডিয়ার মাধ্যমে এটি প্রদর্শন করবেন। ছকের আলোকে কী করতে হবে তা বিস্তারিত আলোচনা করে বুঝিয়ে দিন। দলের সদস্যদের কী করণীয় তা ব্যাখ্যা করে বলবেন; - অংশগ্রহণকারীদের মধ্যাহ্ন বিরতি শেষ হবার পাঁচ মিনিট আগে কর্মশালায় এসে উপস্থিত হতে বলবেন;
অংশগ্রহণকারীর ক নীয় ঃ	- ১০/১২ জনের দলে বিদ্যালয়/উপজেলা/জেলা ভিত্তিক যোগাযোগ কৌশল বাস্তবায়নের উপায় সম্পর্কে আলোচনা করুন; যোগাযোগ কার্যক্রম বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়নের জন্য কী কী বিষয় বিবেচ্য তা চিহ্নিত করুন; - দলের পক্ষ থেকে একজন সহায়ক তথ্য ছক ১ এর আলোকে পোস্টার কাগজে আলোচিত বিষয়গুলো লিখুন; - দলগতভাবে প্রদত্ত ছকটি পূরণ করে করুন এবং কোনো বক্তব্য থাকলে প্লেনারিতে উপস্থাপন করুন; - প্লেনারি অধিবেশনে দলের ধারণাগুলো উপস্থাপন করার জন্য একজনকে নির্বাচিত করুন;

দিন ০১	অধিবেশন ০৪ 
অধিবেশনের শিরোনাম ঃ	**প্লেনারি আলোচনা** - দলীয় আলোচনার বিষয়বস্তু প্লেনারিতে উপস্থাপন - ফিডব্যাক সেশন
মূল বিষয়/বিষয়বস্তু ঃ	প্রাথমিক শিক্ষার কর্মক্ষেত্রে উৎকর্ষ, দক্ষতা, উন্নয়ন ও সমন্বয় সাধনে যোগাযোগ কৌশলের ধারণা ও প্রয়োগ, সৃজনশীল যোগাযোগ উপকরণ ও বার্তা নির্বাচন, যোগাযোগ কার্যক্রম বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়নের উপায় সম্পর্কে যোগাযোগকারী হিসেবে একজন শিক্ষক ও কর্মকর্তার সম্যক ধারণা থাকা আবশ্যক। এ বিষয়টির দিকে লক্ষ্য রেখেই এ অধিবেশনে উপরোক্ত বিষয়গুলোর উপর আলোকপাত করা হয়েছে।
শিখনফল ঃ	এ অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ বিদ্যালয়/উপজেলা/জেলা পর্যায়ের যোগাযোগ কৌশল পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের উপায় সম্পর্কে সম্যক ধারণা লাভ করবে
সময় ঃ	৯০ মিনিট
পদ্ধতি/কৌশল ঃ	পর্যায়ক্রমে গ্রু উপস্থাপনা, প্লেনারিতে আলোচনা ইত্যাদি
উপকরণ ঃ	বোর্ড, পুশপিন, হোয়াইট বোর্ড, মার্কার পেন, তথ্য পত্র
সহায়কের কাজ ঃ	- প্লেনারি আলোচনায় প্রশ্নোত্তরের মাধ্যমে সকলকে যোগাযোগ কৌশলের সফল প্রয়োগের গুরুত্ব সম্পর্কে ধারনা স্পষ্ট করতে সহায়তা করবেন; - দলীয় আলোচনার মাধ্যমে সংগৃহিত তথ্য প্রতিবেদন/ লিপিবদ্ধকরণ ছক-১ পূরণ করতে ব্যবহার করুন; - সময় সম্পর্কে সচেতন থাকুন যাতে সকল গ্রুপ পৃথক পৃথকভাবে পর্যায়ক্রমে উপস্থাপনার সুযোগ পায়;
অংশগ্রহণকারীর ক নীয় ঃ	- প্লেনারিতে দলীয় কাজ ছকটি উপস্থাপন করুন; - প্লেনারিতে আপনার মতামত ব্যক্ত করুন; - অন্যদের সাথে আলোচনায় অংশ গ্রহণ করুন এবং ধারনা স্পষ্ট করুন;

দিন ০১	অধিবেশন ০৫

অধিবেশনের শিরোনাম ঃ **সমাপনী অনুষ্ঠান**

মূল বিষয়/বিষয়বস্তু ঃ পিইডিপি-৩ বাস্তবায়নের জন্য যোগাযোগ কৌশলের কেন প্রয়োজন, আমাদের অভীষ্টজন কারা এবং সরকারের কর্মসূচি ও সুযোগ সুবিধা সম্পর্কে কিভাবে জনসাধারণের ধারণা ও সচেতনতা বৃদ্ধি করা যায় - এ অধিবেশনে এ বিষয়গুলোর উপর আলোকপাত করা হয়েছে। এছাড়াও যোগাযোগ কার্যক্রম বাস্তবায়ন, তদারকির প্রক্রিয়া, ফলাফল যাচাইয়ের মতো বিষয়গুলোও এর আওতায় আনার তাগিদ এখানে রয়েছে।

শিখনফল ঃ এ অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ জেলা পর্যায়ে যোগাযোগ কৌশল কর্মশালা বাস্তবায়নের উপর সার্বিক ধারণা লাভ করবে

এ অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ জেলা পর্যায়ে যোগাযোগ কৌশল কর্মশালা বাস্তবায়ন সংক্রান্ত

বাস্তবায়নের উপর সম্পর্কে সার্বিক ধারণা লাভ করবে

পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের উপায় সম্পর্কে ধারণা লাভ করবে

সময় ঃ ৩০ মিনিট

পদ্ধতি/কৌশল ঃ মুক্ত আলোচনা

উপকরণ ঃ কর্মশালা মূল্যায়ন ছক-১

সহায়কের কাজ ঃ

- কর্মশালায় অংশগ্রহণকারীদের সকলকে আন্তরিক ধন্যবাদ দিন;
- প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীসহ সংশ্লিষ্ট অন্যান্য সকলের মূল্যবান অবদানকে জন্য কৃতজ্ঞতা স্বীকার করুন;
- জেলা পর্যায়ে যোগাযোগ কৌশল কর্মশালা বাস্তবায়ন সংক্রান্ত সকল তথ্য বিষদভাবে বর্ণনা করুন;
- প্রশ্নোত্তর আলোচনা মাধ্যমে অংশগ্রহণকারীদের ধারনা স্পষ্ট করুন;
- প্রত্যেক অংশগ্রহণকারীর কাছ থেকে মূল্যায়ন ছক-১ সংগ্রহ করুন;

অংশগ্রহণকারীর ক নীয় ঃ

- কর্মশালা মূল্যায়ন ছক-১ সঠিকভাবে পূরণ করুন;
- জেলা পর্যায়ে যোগাযোগ কৌশল কর্মশালা বাস্তবায়ন সংক্রান্ত সকল তথ্য বিষদভাবে জেনে নিন;
- প্রশ্নোত্তর আলোচনায় অংশগ্রহণের মাধ্যমে ধারনা স্পষ্ট করুন;